

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৬৫  
পানিসাগর, ১৯ জুন, ২০২৪

আন্তর্জাতিক যোগা দিবস  
পানিসাগরে প্রস্তুতি সভা

পানিসাগর মহকুমা ভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন উপলক্ষে আজ পানিসাগর মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে আগামী ২১ জুন পানিসাগর আঞ্চলিক শারীর শিক্ষন মহাবিদ্যালয়ের ইন্ডোর হলে মহকুমাভিত্তিক আন্তর্জাতিক যোগা দিবস উদযাপন অনুষ্ঠানের আয়োজন করা হবে। সভায় উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান লক্ষ্মীকান্ত দাস, পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, বিভিন্ন দপ্তরের আধিকারিক ও বিভিন্ন সামাজিক সংস্থার প্রতিনিধিগণ।

\*\*\*\*\*